# গুরুত্বপূর্ণ/বিশিষ্ট ব্যক্তিবর্গকে বিশেষ নিরাপত্তা প্রদান বিষয়ক প্ররক্ষা নির্দেশিকা-২০২৫

জননিরাপত্তা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক-৪ শাখা

স্মারক নম্বর- ৪৪.০০.০০০০.০৭৭.০১.০১৪.২৫-৭০ তারিখ: ০২ মার্চ ২০২৫

**বিষয়: গুরুত্বপূর্ণ/বিশিষ্ট ব্যক্তিবর্গকে বিশেষ নিরাপত্তা প্রদান বিষয়ক প্ররক্ষা নির্দেশিকা**

রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তি/পদাধিকারীগণকে নিরাপত্তা প্রদানের বিষয়ে প্ররক্ষা নির্দেশিকা ২০২৫ প্রণয়ন করা হলো। তবে বিশেষ নিরাপত্তা শুধুমাত্র পদমর্যাদা (Status) এর কারণে বিবেচিত হবে না বরং নিরাপত্তা হুমকি পর্যালোচনার (Threat Assessnent) ভিত্তিতে যা প্রদত্ত হবে।

২। বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী/মাননীয় প্রধান উপদেষ্টা, বাংলাদেশ সফরকারী বিদেশী রাষ্ট্র ও সরকার প্রধান এবং সরকার কর্তৃক ঘোষিত অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিগণের দৈহিক নিরাপত্তা নিম্নবর্ণিত বিধিসমূহ দ্বারা সম্পন্ন হবে:

(ক) রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা বিধিমালা, ২০০২

(খ) রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা নির্দেশাবলী, ২০০২

(গ) রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা ম্যানুয়্যাল-২০০৩

(ঘ) বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) আইন ২০২১

৩। জাতীয় সংসদের মাননীয় স্পীকার এবং মন্ত্রিসভার মাননীয় সদস্য/মাননীয় উপদেষ্টাবৃন্দের নিরাপত্তা নিম্নের বিধি ও নির্দেশনা দ্বারা প্রতিপালিত হবে:

(ক) Rules for the Protection of the Persons of the Ministers of the Government of Banglasesh-1975 issued on 12 February 1975

(খ) Additional Arrangements to the Rules for the protection of the person of the Vice-President and the Rules for the Protection of the persons of the Ministers-1979 issued vide memo no. 309-Poll-v/79 dated 11 June 1979

৪। নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ ব্যক্তি/পদাধিকারীগণ হাউজগার্ড, গাড়ি প্রটেকশন স্কর্ট ও দেহরক্ষী/গানম্যান প্রাপ্য হবেন:

(ক) বাংলাদেশের প্রধান বিচারপতি

(খ) আপীল বিভাগের বিচারপতি

(গ) প্রধান নির্বাচন কমিশনার

(ঘ) চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন

(ঙ) মন্ত্রিপরিষদ সচিব/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং সিনিয়র সচিব/সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(চ) পুলিশ মহাপরিদর্শক

(ছ) মহাপরিচালক, র‍্যাব/ অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ/সি আইডি/এন্টি টেররিজম ইউনিট

(জ) বিভাগীয় কমিশনার

(ঝ) রেঞ্জ ডি আই জি

(ঞ) মেট্রোপলিটন পুলিশ কমিশনার

৫। নিম্নোক্ত গুরুত্বপূর্ণ ব্যক্তি/পদাধিকারীগণ দেহরক্ষী/গানম্যান প্রাপ্য হবেন:

(ক) হাইকোর্ট বিভাগের বিচারপতি

(খ) সভাপতি, সংসদীয় স্থায়ী কমিটি

(গ) নির্বাচন কমিশনারগণ

(ঘ) কমিশনার, দুর্নীতি দমন কমিশন

(ঙ) বাংলাদেশের এটর্নি জেনারেল

(চ) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

(ছ) বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

(জ) চেয়ারম্যান, সরকারি কর্ম কমিশন

(ঝ) সরকারের সিনিয়র সচিব/সচিব

৬। নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ ব্যক্তি/পদাধিকারীগণ হাউজগার্ড ও দেহরক্ষী/গানম্যান প্রাপ্য হবেন:

(ক) জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট

(খ) জেলা ও দায়রা জজ

(গ) জেলা পুলিশ সুপার

৭। উপরিউল্লিখিত ৪(ক) নং ক্রমিকের পদাধিকারী সারাদেশে, ৪(খ) হতে ৪(ছ) নং ক্রমিকের পদাধিকারীগণ ঢাকা মেট্রোপলিটন এলাকার বাইরে এবং ৪(জ) হতে ৪(ঞ) নং ক্রমিকের পদাধিকারীগণ শুধুমাত্র নিজ অধিক্ষেত্রে গাড়ি প্রটেকশন স্কর্ট প্রাপ্য হবেন। ৪(খ)-৪(ছ) ক্রমিকের পদধারীগণ অতিঝুঁকিপূর্ণ পরিস্থিতির উদ্ভব হলে মাত্র ঢাকা মেট্রোপলিটন এলাকায় গাড়ি প্রটেকশন স্কর্ট প্রাপ্য হবেন।

৮। ৪নং ক্রমিকে বর্ণিত পদাধিকারীগণ, হাইকোর্ট বিভাগের বিচারপতি এবং সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ঢাকা মেট্রোপলিটন এলাকার বাইরে সফরের সময় সংশ্লিষ্ট জেলায় সালামী প্রাপ্য হবেন। তবে ৪(জ) ও ৪(ঞ) ক্রমিকের পদাধিকারীগণ নিজ অধিক্ষেত্রের জেলা সফরকালীন সালামী প্রাপ্য হবেন।

৯। ৪ ও ৫ ক্রমিকের পদাধিকারীগণ ঢাকার বাইরে সফরকালে তাঁদের জন্য নিয়োজিত দেহরক্ষী/গানম্যান ছাড়া সফর করলে সংশ্লিষ্ট মেট্রোপলিটন/জেলা পুলিশ কর্তৃক সাময়িকভাবে দেহরক্ষী/গানম্যান নিয়োজিত করতে হবে।

১০। উপরি-উল্লিখিত পদধারীদের মধ্যে কেউ বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) হলে তিনি এসকল সুবিধা প্রাপ্য হবেন না।

১১। উপরি-উল্লিখিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্যান্য গুরুত্বপূর্ণ/বিশিষ্ট ব্যক্তিবর্গকে বিশেষ নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতি/পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) বিশিষ্ট/গুরুত্বপূর্ণ কোন ব্যক্তির নিরাপত্তাহীনতার আশংকা থাকলে সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপারকে লিখিতভাবে অবহিত করবেন। সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। যদি পর্যালোচনাপূর্বক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা করা বিবেচনাযোগ্য মনে করেন তবে যুক্তিযুক্ত কারণ উল্লেখপূর্বক প্রস্তাব পুলিশ মহাপরিদর্শক বরাবর প্রেরণ করবেন এবং পুলিশ মহাপরিদর্শক সুপারিশসহ সিদ্ধান্তের জন্য তা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(খ) মাননীয় সংসদ সদস্য, বিদেশী রাষ্ট্রদূত এবং সংসদে প্রতিনিধিত্ব রয়েছে বা ছিল এমন রাজনৈতিক দলের সভাপতি/ সাধারণ সম্পাদকগণ (মহাসচিবগণ) বিশেষ পুলিশি নিরাপত্তার জন্য সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করতে পারেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় নিরাপত্তা ঝুঁকি পর্যালোচনা এবং প্রয়োজনে গোয়েন্দা সংস্থার প্রতিবেদন সংগ্রহপূর্বক সুপারিশসহ মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার নিকট উপস্থাপন করবে। মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিশেষ নিরাপত্তার জন্য প্রয়োজনীয় আদেশ জারি করবে।

১২। বিশিষ্ট ব্যক্তিবর্গ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী হতে বিধি মোতাবেক নিজ খরচে বেতন ভাতাদি পরিশোধ ও আবাসন ব্যবস্থা প্রদানের শর্তে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয়তার নিরিখে বাস্তবতার আলোকে হাউজ গার্ড নিতে পারবেন।

১৩। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নং-ভিআইপি-১/২০০১(রাজ-৪)/১৪৬০ তারিখ ২/১২/২০০১; ভিআইপি-৪(৩)/০৬(রাজ-৪)/১০০৩ তারিখ ২০/০৯/২০০৬ এবং ভিআইপি-২/২০০২(রাজ-৪)/৭১৫ তারিখ ৯/৭/২০০৯ মূলে জারীকৃত নির্দেশনাসমূহ এতদ্বারা রদ/বাতিল করা হলো।

১৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
২৬.০২.২০২৫
নাসিমুল গনি
সিনিয়র সচিব

নম্বর: ৪৪.০০.০০০০.০৭৭.০১.০১৪.২৫-৭০ তারিখ: ০২ মার্চ ২০২৫

বিতরণ:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)............................................................বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
৫। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার (সকল)..................................................................।
৭। রেঞ্জ ডিআইজি/পুলিশ কমিশনার (সকল)....................................................।
৮। জেলা প্রশাসক (সকল).........................................................................।
৯। পুলিশ সুপার (সকল)...........................................................................।
১০। অফিস কপি।

০২/০৩/২৫
মো. আমিনুল ইসলাম
উপসচিব
(রাজনৈতিক-৪ শাখা)